গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কাজিপুর, সিরাজগঞ্জ
kazipur.sirajganj.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নম্বর : ০৫.৪৩.৮৮৫০.০০০.০৬.০৫৪.২৪.২৭

তারিখ : ২৬ পৌষ ১৪৩০ / ১০ জানুয়ারি ২০২৩

## নিয়োগ বিজ্ঞপ্তি

সিরাজগঞ্জ জেলার কাজিপুর উপজেলাধীন নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদে গ্রাম পুলিশ (মহল্লাদার) এর শূন্য পদের বিপরীতে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনী গঠন, প্রশিক্ষণ,শৃংখলা ও চাকুরীর শর্তাবলী সম্পর্কিত চাকুরী বিধিমালা, ২০১৫ এর ৩(১) অনুযায়ী গ্রাম পুলিশ (মহল্লাদার) পদে নিয়োগ করা হবে ।

| ক্রঃ নং | ইউনিয়নের নাম | ওয়ার্ড নং | পদের নাম | শুন্য পদের সংখ্যা | বেতন | প্রয়োজনীয় যোগ্যতা | নিয়োগ পদ্ধতি |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | খাসরাজবাড়ী | ০৫ | মহল্লাদার | ০১টি | সরকারি বিধি মোতাবেক | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণী উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ | সরাসরি নিয়োগের মাধ্যমে |
| ০২ | কাজিপুর | ০৬ | মহল্লাদার | ০১টি | সরকারি বিধি মোতাবেক | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণী উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ | সরাসরি নিয়োগের মাধ্যমে |
| ০৩ | গান্ধাইল | ০১ | মহল্লাদার | ০১টি | সরকারি বিধি মোতাবেক | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণী উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ | সরাসরি নিয়োগের মাধ্যমে |
| | | ০৮ | | ০১টি | সরকারি বিধি মোতাবেক | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণী উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ | সরাসরি নিয়োগের মাধ্যমে |

**নিয়োগের শর্তাবলী :**

০১. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

০২. প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট ইউনিয়নের সংশ্লিষ্ট ওয়ার্ডের বাসিন্দা হতে হবে।

০৩. আবেদনপত্রে (ক) প্রার্থীর নাম (বাংলা ও ইরেজীতে) (খ) পিতা/ স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) বয়স ( ২৫/০১/২০২৪ খ্রি. তারিখে) (জ) জাতীয়তা (ঝ) ধর্ম (ঞ) শিক্ষাগত যোগ্যতা (ট) অভিজ্ঞতা (যদি থাকে) (ঠ) বিশেষ কোটার প্রার্থী হলে কোটার নাম উল্লেখসহ প্রার্থীকে আবেদন স্বহস্তে লিখতে হবে।

০৪. মহল্লাদার পদে নিয়োগের ক্ষেত্রে প্রার্থীর প্রয়োজনীয় শারীরিক যোগ্যতা।
**পুরুষ প্রার্থীর ক্ষেত্রে:**
(ক) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি (খ) সর্বনিম্ন বুকের মাপ ৩০(স্বাভাবিক, ৩২ ইঞ্চি (সম্প্রসারণ)(গ) সর্বনিম্ন ৫০ কেজি।
**মহিলা প্রার্থীরক্ষেত্রে:**
(ক) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট (খ) সর্বনিম্ন বুকের মাপ ২৮ (স্বাভাবিক), ৩০ ইঞ্চি (সম্প্রসারণ) (গ) সর্বনিম্ন ৪৫ কেজি।

০৫. আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবেঃ (ক) প্রার্থীর সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি (খ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র (গ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি (ঘ) প্রথম শ্রেণী গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সদন পত্রের মূল কপি (ঙ) শিক্ষাগত যোগ্যতা/ অভিজ্ঞতা সনদের সত্যায়িত অনুলিপি (ছবি ও দাখিলকৃত সনদের অনুলিপি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) হতে হবে এবং সত্যায়নের ক্ষেত্রে নামযুক্ত সীল ব্যবহার করতে হবে।

০৬. আবেদনপত্রের সাথে সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে উপজেলা নির্বাহী অফিসার কাজিপুর, সিরাজগঞ্জ এর অনুকূলে আবেদনকারীকে ৭০০/- (সাতশত) টাকা মূল্যের অফেরৎযোগ্য ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার সংযুক্ত করতে হবে।

০৭. মহল্লাদার পদের বয়স ২৫ /০১/২০২৪ খ্রিঃ তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা সন্তান এর ক্ষেত্রে ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। প্রার্থীর বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

চলমান পাতা-২



CamScanner

০৮. সরকারি বিধি মোতাবেক বিধি সংরক্ষন করা হবে। নিয়োগের জন্য উপযুক্ত বিবেচিত হলে মৃত ও অবসরপ্রাপ্ত মহল্লাদারদের পুত্র/কন্যা বা প্রত্যক্ষ পোষ্যদের অগ্রাধিকার দেওয়া হবে। মুক্তিযোদ্ধা সন্তানের ক্ষেত্রে জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের ২৪ তম সভার সিদ্ধান্ত অনুসারে মুক্তিযোদ্ধা সনদের ক্ষেত্রে জাতীয় তালিকা/লাল মুক্তিবার্তা/ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক সনদ স্বাক্ষরিত হতে হবে। উপর্যুক্ত সনদ পত্রের কপি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে ।

০৯. **প্রার্থীর বয়সের ক্ষেত্রে জন্ম নিবন্ধনের সনদ, জাতীয় পরিচয় পত্র ও শিক্ষাগত যোগ্যতার সনদের বয়স একই হতে হবে** । এ ক্ষেত্রে কোন তথ্য গোপন করলে বা প্রমানিত হলে আবেদনপত্র বাতিল সহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে ।

১০. আবেদনকারীকে উপজেলা নির্বাহী অফিসার কাজিপুর, সিরাজগঞ্জ এর বরাবরে আবেদন দাখিল করতে হবে । আবেদন পত্র আগামী ২৫/০১/২০২৪ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে অথাৎ অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে (সরাসরি অথবা ডাকযোগে) পৌছাইতে হবে । ধার্য্য তারিখের পরে কোন আবেদন গ্রহণ করা হবে না এবং প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে ।

১১. অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে ।

১২. আবেদনপত্রের উপর কোন প্রকার সুপারিশ গ্রহণযোগ্য নয় ।

১৩. প্রার্থীকে ডাকযোগের ঠিকানা সম্বলিত অব্যহৃত ১০/- টাকার ডাক টিকিটযুক্ত ৪.৫/১০ ইঞ্চি সাইজের একটি অফেরত যোগ্য খাম সংযুক্ত করতে হবে এবং খামের উপর অবশ্যই পদের নাম ও কোটার নাম উল্লেখ করতে হবে ।

১৪. নিয়োগের জন্য বাছাইকৃত প্রার্থীকে অবশ্যই অফিসার ইনচার্জ কাজিপুর থানা হতে চারিত্রিক সদাচরণ সনদপত্র গ্রহণ করতে হবে।

১৫. প্রার্থীকে নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ /ডিএ প্রদান করা হবে না ।

১৬. আবেদন পত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে ।

১৭. কোন তথ্য গোপন করে চাকুরীতে নিয়াগপ্রাপ্ত হলে কর্তৃপক্ষের নজরে আসা মাত্র কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকেই নিয়োগ আদেশ বাতিল করা হবে ।

(মোঃ সোহরাব হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
কাজিপুর, সিরাজগঞ্জ
ফোন: ০৭৫২৫-৫৬১১১
unokazipur@mopa.gov.bd

স্মারক নম্বর :০৫.৪৩.৮৮৫০.০০০.০৬.০৫৪.২৪. ২৭ (১০০)

তারিখ : ২৬ পৌষ ১৪৩০ / ১০ জানুয়ারি ২০২৪

**অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :**

০১. জেলা প্রশাসক, সিরাজগঞ্জ

০২. উপ-পরিচালক, স্থানীয় সরকার, সিরাজগঞ্জ

০৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাজিপুর, সিরাজগঞ্জ

০৪. অফিসার ইনচার্জ, কাজিপুর থানা

০৫. উপজেলা..........................অফিসার(সকল) কাজিপুর, সিরাজগঞ্জ । (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টাঙ্গানোর অনুরোধ সহ)

০৬. সহকারী প্রোগ্রামার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কাজিপুর সিরাজগঞ্জ । তাঁকে বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো ।

০৭. চেয়ারম্যান/সচিব, গান্ধাইল/ কাজিপুর/ খাসরাজবাড়ী ইউনিয়ন পরিষদ,,কাজিপুর, সিরাজগঞ্জ। তাঁকে বিজ্ঞপ্তিটি ইউনিয়ন পরিষদে নোটিশ বোর্ডে /ইউনিয়নের সংশ্লিষ্ট ওয়ার্ডের গুরুত্বপূর্ণ স্থানে/ ইউনিয়ন তথ্য বাতায়নে/হাট-বাজারের টাঙ্গিয়ে ও বহুল প্রচার করে প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো ।

০৮. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,গান্ধাইল, কাজিপুর, খাসরাজবাড়ী ইউনিয়ন ভূমি অফিস, কাজিপুর, সিরাজগঞ্জ। তাঁকে বিজ্ঞপ্তিটি ইউনিয়ন পরিষদে হাট-বাজারে লটকানোসহ বহুল প্রচার করে প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো ।

০৯. নোটিশ বোর্ড

উপজেলা নির্বাহী অফিসার
কাজিপুর, সিরাজগঞ্জ



CamScanner